

আন্তর্জাতিক

নোবেল শান্তি পুরস্কার পেলেন দক্ষিণ আফ্রিকার নাভি পিল্লাই



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৫:২০ PM



২০২৬ সালের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট আইনজ্ঞ নাভানেথেম নাভি পিল্লাই। আন্তর্জাতিক আইন প্রতিষ্ঠা এবং যুদ্ধাপরাধ, মানবতাবিরোধী অপরাধ ও গণহত্যার বিচার নিশ্চিত করার ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ তাকে এ পুরস্কার দেওয়া হয়েছে। শুক্রবার (৯ অক্টোবর) নরওয়ের রাজধানী অসলোতে নরওয়েজিয়ান নোবেল কমিটি বিজয়ীর নাম ঘোষণা করে।

নোবেল কমিটির বিবৃতিতে বলা হয়েছে, অসাধারণ সাহস ও সততার সঙ্গে আরও অন্তর্ভুক্তিমূলক বৈশ্বিক আইনি কাঠামো প্রতিষ্ঠায় নেতৃত্ব দিয়েছেন নাভি পিল্লাই। সর্বজনীন আইনি নীতির প্রতি তার অঙ্গীকার এবং নৈতিক দৃঢ়তা দীর্ঘ কর্মজীবনজুড়ে অটুট রয়েছে।

১৯৪১ সালে দক্ষিণ আফ্রিকার ডারবানে ভারতীয় তামিল বংশোদ্ভূত পরিবারে জন্মগ্রহণ করেন নাভি পিল্লাই। বর্ণবাদী শাসনামলে তিনি আইন পেশায় যুক্ত হন। কাঠামোগত বৈষম্য ও বঞ্চনার বিরুদ্ধে আইনি লড়াইয়ের পাশাপাশি নেলসন ম্যান্ডেলাসহ বর্ণবৈষম্যবিরোধী আন্দোলনের কর্মীদের পক্ষে কাজ করেন।

দীর্ঘ কর্মজীবনে নাভি পিল্লাই দক্ষিণ আফ্রিকার উচ্চ আদালত, র‌‌য়ান্ডার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ও আন্তর্জাতিক অপরাধ আদালতে বিচারকের দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া তিনি জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার ছিলেন। আন্তর্জাতিক পর্যায়ে মানবাধিকার সুরক্ষা ও গুরুতর অপরাধের বিচারে জবাবদিহি নিশ্চিত করার ক্ষেত্রেও তার ভূমিকা রয়েছে।

এর আগে ২০২৫ সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছিলেন ভেনেজুয়েলার রাজনীতিক মারিয়া কোরিনা মাচাদো। ভেনেজুয়েলার জনগণের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা এবং স্বৈরশাসন থেকে ন্যায়ভিত্তিক ও শান্তিপূর্ণ গণতান্ত্রিক রূপান্তরের জন্য তার দীর্ঘ সংগ্রামের স্বীকৃতিস্বরূপ তাকে এ পুরস্কার দেওয়া হয়।

এ বিভাগের আরও খবর



[পিল্লাইকে শান্তিতে নোবেল দিয়ে নিজেদেরকে লজ্জিত করেছে নোবেল কমিটি]
দীর্ঘদিনের প্রত্যাশা এবং কূটনৈতিক সাফল্যের দাবি সত্ত্বেও এবার নোবেল শান্তি পুরস্কার পাননি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
২০২৬ সালের এই...



দিল্লিতে বিক্ষোভে যোগ দেয়ার আগে জনপ্রিয় ইউটিউবার ঞ্চব রাঠিকে আটক
দিল্লিতে পরিকল্পিত বিক্ষোভে যোগ দিতে যাওয়ার আগে ভারতের গুরুগ্রাম থেকে ইউটিউবার ঞ্চব রাঠিকে আটক করেছে পুলিশ।
পুলিশের নির্দেশনা মানতে অস্বীকৃ...



পুতিনের সঙ্গে ডিজেল সরবরাহের চুক্তির দাবি ট্রাম্পের
রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ডিজেল সরবরাহ নিয়ে ছুক্তি হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর দা...



দিল্লিতে আবারও বড় বিক্ষোভের ডাক, নিয়ন্ত্রণে ব্যাপক পুলিশ মোতায়েন ও ইন্টারনেট বন্ধ
ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে আজ শনিবার (১০ অক্টোবর) নয়াদিল্লির যন্ত্রমত্তরে বিক্ষোভের ডাক দিয়েছে ককরোচ জনত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/nobel-shanti-purskar-pelen-dkshin-afrikar-nabhi-pillai>